



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫
www.naem.gov.bd



৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০৪.২৩.৩

বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কর্মকর্তাগণের জন্য ৩৮তম কমিউনিকোটিভ ইংলিশ কোর্সে অংশগ্রহণ

সূত্র: নায়েম/৩৭.০৪.০০০০.৩০০.৩২.০১০.২২/৩৯৩৪ ও তারিখঃ ১৩/০৯/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৯ কার্তিক থেকে ১৯ অগ্রহায়ন ১৪৩০ বঙ্গাব্দ/ ১৪ নভেম্বর থেকে ০৪ ডিসেম্বর ২০২৩ খ্রি.

তারিখ পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন অধিদপ্তর/ দপ্তর/ সরকারি কলেজের কর্মকর্তাগণের জন্য ৩৮তম কমিউনিকোটিভ ইংলিশ কোর্সে নায়েমে অনুষ্ঠিত হবে। এ কোর্সে নিম্নবর্ণিত ০২ (দুই) ক্যাটাগরির কর্মকর্তা অংশগ্রহণ করবেনঃ

(ক) সরকারি কলেজ থেকে ইংরেজি বিষয় ছাড়া অন্য যে কোনো বিষয়ের প্রভাষক (স্থায়ীকৃত) বা সহকারী অধ্যাপক এবং

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর/ দপ্তর থেকে প্রথম শ্রেণির কর্মকর্তা।

উপর্যুক্ত ক্যাটাগরির ভিত্তিতে তাঁর আওতাধীন জেলাসমূহের সরকারি কলেজ থেকে ইংরেজি বিষয় ছাড়া অন্য যে কোন বিষয়ের ০৪ (চার)জন প্রভাষক (স্থায়ীকৃত)/ সহকারী অধ্যাপককে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মনোনীত করতে অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীদের নাম, পদবি, প্রতিষ্ঠানের নাম, তাদের ব্যক্তিগত মোবাইল নম্বর ও ইমেইল আইডিসহ তালিকা আগামী ৬ নভেম্বর, ২০২৩ খ্রি. এর মধ্যে কোর্স সমন্বয়ক মো. জাহাঙ্গীর কবীর, সহকারী পরিচালকের (মোবাইল: ০১৬৭৩২১২৯১৪) ইমেইলে (adtrgjahangir.naem@gmail.com) পাঠানোর জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে নিম্নলিখিত বিষয়াদি প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো:

১. মনোনীত প্রশিক্ষণার্থীগণকে ইংরেজি বিষয় ছাড়া অন্য বিষয়ের স্থায়ী কর্মকর্তা হতে হবে;

২. মনোনীত প্রশিক্ষণার্থীগণ আগামী ৯ নভেম্বর, ২০২৩ খ্রি. রাত ১০টার পূর্বে নায়েম ওয়েবসাইটে (www.naem.gov.bd) প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর অনলাইন রেজিস্ট্রেশন থেকে তথ্যফর্ম পূরণ করে কোর্সে যোগদানের বিষয়টি নিশ্চিত করবেন;

৩. মনোনীত কর্মকর্তাগণকে পাসপোর্ট সাইজের দুই কপি রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও ১০ টাকা মূল্যমানের রাজস্ব স্ট্যাম্প সঞ্চে আনতে হবে;

৪. নায়েম হোস্টেলে আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে থাকার ব্যবস্থা করা হবে। হোস্টেলে আবাসনের ক্ষেত্রে কোর্সে শুরুর পূর্বদিন অপরাহ্নে নির্ধারিত হোস্টেলের আসন গ্রহণ বাঞ্ছনীয়;

৫. সরকারি নিয়ম অনুযায়ী কোর্সের অংশগ্রহণকারীকে ভ্রমণ ও দৈনিক ভাতা নায়েম থেকে প্রদান করা হবে। তবে প্রাথমিক ব্যয় (খাকা, খাওয়া ও শিক্ষা সফরের খরচ) সংকুলানের জন্য আনুমানিক ২০,০০০/- (বিশ হাজার) টাকা সঞ্চে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;

৬. যিনি নায়েম হতে এ প্রশিক্ষণ ইতোপূর্বে গ্রহণ করেছেন তাঁর এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;

৭. যিনি বিগত ০২ (দুই) বছর সময়কালের মধ্যে নায়েম পরিচালিত কোনো প্রশিক্ষণ কোর্সে (FTC ও ERM ছাড়া) অংশগ্রহণ করেছেন তিনি এ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;

৮. যার বয়স ৫৭ বছর অতিক্রম করেছে তিনি এ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;

৯. মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ অনুসারে এবং

৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ

প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Released) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কোন কারণ ছাড়া কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা রয়েছে;

১০. প্রশিক্ষণ সংক্রান্ত কোন বিষয় জানার প্রয়োজন হলে কোর্স সমন্বয়ক মো. জাহাঙ্গীর কবীর, সহকারী পরিচালক (প্রশি. ও বাস্ত.) মোবাইল: ০১৬৭৩২১২৯১৪-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

১১. আমন্ত্রণপত্র নায়েমের ওয়েবসাইটে (www.naem.gov.bd) পাওয়া যাবে।



২৩-১০-২০২৩

প্রফেসর তাহসিনা আক্তার
পরিচালক

০২-৫৫১৬৭৫৩০ (ফোন)

০২-৫৫৬৩২১৪ (ফ্যাক্স)

ddtrainingnaem@gov.bd

মাউশি আঞ্চলিক পরিচালকগণ।

স্মারক নম্বর:

তারিখ: ৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ২। পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৩। পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৪। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৫। উপ-পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৬। উপ-পরিচালক, গবেষণা ও তথ্য বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৭। উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ অধিশাখা, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৮। শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা এবং
- ৯। প্রোগ্রামার, আইসিটি সেল, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (পত্রটি নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



২৩-১০-২০২৩

মোঃ জাহাঙ্গীর কবীর
সহকারী পরিচালক